

অনলাইনে ভূমি উন্নয়ন কর পরিশোধ পদ্ধতি

- প্রথমে যে কোনো ব্রাউজার থেকে <https://land.gov.bd/> এই লিংকটি টি ব্রাউজ করতে হবে। তারপর “ভূমি উন্নয়ন কর” মেনুতে ক্লিক করতে হবে। তখন ভূমি উন্নয়ন কর (www.ldtax.gov.bd) ওয়েবসাইটে নিয়ে যাবে।
- এরপর নাগরিক কর্নার মেনুতে ক্লিক করুন। নতুন নিবন্ধন করতে নিবন্ধন মেন্যুতে ক্লিক করে নাগরিকের মোবাইল নম্বর, জাতীয় পরিচয়পত্র নম্বর ও জন্ম তারিখ প্রদান করে “পরবর্তী পদক্ষেপ” বাটনে ক্লিক করুন।
- অতঃপর উক্ত মোবাইল নম্বরে একটি OTP (One Time Password) পাবেন। উক্ত OTP কোড লিখে পরবর্তী পদক্ষেপ বাটনে ক্লিক করে নিবন্ধন সম্পন্ন করুন।
- OTP (One Time Password) কোর্ড ভেরিফিকেশন এর পর সিস্টেমে আপনার পছন্দমত ৬ সংখ্যার নতুন পাসওয়ার্ড সেট করুন।
- নাগরিক নিবন্ধন করার পর নিম্নোক্ত নাগরিক প্রোফাইল প্রদর্শিত হবে। “পরবর্তী পদক্ষেপ” বাটনে ক্লিক করে নাগরিকের সকল তথ্য দেখুন।
- নাগরিক নিবন্ধন করার পর নিম্নোক্ত নাগরিক প্রোফাইলের ৬০% আপডেট দেখাবে, ১০০% আপডেট পেতে সম্পাদন বাটনে ক্লিক করে কিছু তথ্য পূরণ করুন।
- “বর্তমান ঠিকানা” এবং “ই-মেইল” এর ঘর দুটি পূরণ করে নাগরিকের তথ্য আপডেট করুন।
- নাগরিকের তথ্য আপডেট করার পর একজন নাগরিকের প্রোফাইল ৮০% আপডেট দেখাবে।
- খতিয়ান মেন্যুতে ক্লিক করে নিম্নোক্ত ফর্মে বিভাগ, জেলা, উপজেলা, মৌজা, খতিয়ান নম্বর, হোল্ডিং নম্বর লিখে কোন সংযুক্তি থাকলে সংযুক্তিসহ “সংরক্ষণ করুন” বাটনে ক্লিক করুন।
- খতিয়ানের তথ্য আপডেট করার পরই আপনার প্রোফাইল সম্পন্ন হবে। প্রোফাইল ১০০% আপডেট করতে উপরোক্ত সবগুলো ধাপ সঠিকভাবে পূরণ করুন।
- নিবন্ধন সম্পন্ন হলে মোবাইল নম্বর ও পাসওয়ার্ড লিখে লগইন করুন।
- খতিয়ান তথ্য এন্ট্রি করার পর সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি অফিস থেকে হোল্ডিং প্রস্তুত তৈরি করা হবে। উক্ত হোল্ডিং তৈরি হওয়ার সাথে সাথে আপনার মোবাইল নম্বরে হোল্ডিং নম্বর সহ উক্ত হোল্ডিং এর বকেয়া টাকার পরিমাণ সম্পর্কিত একটি মেসেজ আসবে। হোল্ডিং মেন্যুতে ক্লিক করে আপনার হোল্ডিং তালিকা সমূহ নিম্নোক্ত উপায়ে দেখুন।
- বিস্তারিত বাটনে ক্লিক করে উক্ত হোল্ডিং এর বিস্তারিত দেখুন।
- উক্ত হোল্ডিং এর দাবী বা কোন বিষয়ে আপত্তি থাকলে “আপত্তি দাখিল” বাটনে ক্লিক করুন। অতঃপর নিম্নোক্ত ফরম অনুযায়ী আপত্তি দাখিল করে প্রেরণ বাটনে ক্লিক করুন।
- আপনার হোল্ডিং এর ভূমি উন্নয়ন কর প্রদান করার জন্য “অনলাইন পেমেন্ট” বাটনে ক্লিক করুন। অতঃপর তালিকা থেকে মালিক নির্বাচন করে নির্দিষ্ট একটি পেমেন্ট মাধ্যম (বিকাশ, নগত, উপায়, ইউপে, একপে অথবা ই-চালান) নির্বাচন করে পরবর্তী স্টেপগুলি অনুসরণ করুন।
- উপরোক্ত যে কোন পেমেন্ট মাধ্যমে সফলভাবে পেমেন্ট সম্পন্ন হলে দাখিলা পাবেন। প্রতিটি দাখিলা নাগরিকের প্যানেলে সংরক্ষিত থাকবে যা পরবর্তীতে ডাউনলোড করা যাবে।